

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৩.০০২.২৩- ৬৯৪১

তারিখ: ২২.০২.২০২৪ খ্রি।

বিষয়ঃ 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২৫ ফেব্রুয়ারী/২০২৪ উদযাপন প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৩.০০২.২৩-২৬৫৪ তারিখঃ ০৭.০২-২০২৪খ্রি।


২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২ (অংশ-১)-১২৫, তারিখ: ১৫-০২-২০২৪খ্রি।

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ ফেব্রুয়ারী ২০২৪ "জাতীয় স্থানীয় সরকার দিবস" উদযাপিত হবে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক এবারের প্রতিপাদ্য নির্ধারন করা হয়েছে নিম্নরূপঃ

“স্মার্ট হবে স্থানীয় সরকার
নিশ্চিত করবে সেবার অধিকার”

নির্ধারিত প্রতিপাদ্যটি সকল কাজে ব্যবহারের জন্য স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। 'জাতীয় স্থানীয় সরকার দিবস' কেন্দ্রীয়ভাবে আগামী ২৫ ফেব্রুয়ারী-২০২৪/১২ ফাল্গুন-১৪৩০, রবিবার সকাল ১০:৩০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি), আগারগাঁও, ঢাকায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিবৃন্দের অংশগ্রহণের মাধ্যমে দিবসের উদ্বোধন করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি উক্ত উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করছেন এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি মহোদয়।

এ উপলক্ষে এলজিইডি সদর দপ্তরে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে বিভিন্ন প্ল্যাকার্ড, ব্যানার, ফেস্টুন এবং হলোগ্রাফিক ডিসপ্লের মাধ্যমে এলজিইডি ভবন সজ্জিত করা হবে এবং আগামী ২৫ ফেব্রুয়ারী সকাল ১০.০০ ঘটিকায় এলজিইডি'র প্রধান কার্যালয়ের লেভেল-২, কামরুল ইসলাম মিলনায়তনে জায়েন্ট স্ট্রিনের মাধ্যমে প্রদর্শন করা হবে। এলজিইডি'র প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা এবং কর্মচারীগণকে (পরামর্শকসহ) আবশ্যিকভাবে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।


(মোঃ আলি আকতার হোসেন)
প্রধান প্রকৌশলী
ফোন: ৫৮১৫২৮০২
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- (১) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল), এলজিইডি,..... বিভাগ,
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল)....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল), এলজিইডি,..... অঞ্চল,
- (৫) প্রকল্প পরিচালক(সকল),....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৬) নির্বাহী প্রকৌশলী(সকল), এলজিইডি, জেলা:
- (৭) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৮) উপজেলা প্রকৌশলী(সকল), এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।